

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং- ৪৫.১৪১.০৯৩.০০.০০৮.২০১৬-১৮৫

তারিখ: ০৭.০৮.২০১৭ খ্রি:

**বিষয়: নির্বাচিত ২টি উন্নাবনী উদ্যোগ রেপ্লিকেশনের জন্য উপজেলা নির্বাচন সংক্রান্ত।**

গত ১২ জানুয়ারি ২০১৭ শোকেসিং ও শেয়ারিং বিষয়ক কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আবুল কালাম আজাদ, মুখ্য সমন্বয়ক (এসডিজি) প্রধানমন্ত্রীর কার্যালয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব এম.এন জিয়াউল আলম, সচিব (সংস্কার ও সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ ও জনাব মোঃ সিরাজুল ইসলাম, সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। কর্মশালায় সভাপতিত করেন জনাব অধ্যাপক ডাঃ আবুল কালাম আজাদ, মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর। জনাব আঃ গাফফার খান, যুগ্ম সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নেতৃত্বে বাছাই কমিটি কর্মশালায় অংশগ্রহণকৃত ২টি উন্নাবনী প্রকল্প রেপ্লিকেশনের জন্য বাছাই করে। যার মধ্যে নিম্নোক্ত ২টি প্রকল্প স্বাস্থ্য সেবা বিভাগের অন্তর্ভুক্ত:

১. সরকারি হাসপাতালে বহিঃবিভাগে সেবা সহজীকরণ, বাস্তবায়নকারী কর্মকর্তা ডাঃ এ কে এম শামছুদ্দিন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উজিরপুর, বরিশাল।
২. কমিউনিটি মা ও শিশু স্বাস্থ্য সেবার মাধ্যমে মা ও শিশু মৃত্যু হার কমানো, বাস্তবায়নকারী কর্মকর্তা ডাঃ গোপেন্দ্রনাথ আচার্য, পুঁথিয়া, রাজশাহী (বর্তমানে সিভিল সার্জিন হিসেবে যশোর জেলায় কর্মরত)।

০২। এমতাবস্থায়, উক্ত প্রকল্প দু'টি রেপ্লিকেশনের জন্য প্রতিটি বিভাগ থেকে প্রয়োজনীয় সংখ্যক উপজেলা বাছাই করে খসড়া তালিকা আগামী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

(স্বাস্থ্য বিভাগ উপসচিব)

তুলনা করা হ'ল।

ফোনঃ ৯৫৪০৩৬২

ই-মেইল-[monitor@mohfw.gov.bd](mailto:monitor@mohfw.gov.bd)

মহাপরিচালক  
স্বাস্থ্য অধিদপ্তর  
মহাখালী, ঢাকা।  
দ্রঃআঃ পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)।

**জ্ঞাতার্থেঃ**

১. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।